

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
প্রকল্প বাস্তবায়ন-৩ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নং-৪৫.১৭৪.০০২.২৩.০০.০২৩.২০১২-৭৩৮

তারিখ : ২৫.১১.২০১৪ খ্রিঃ

প্রেরক : ড. মো: এনামুল হক
উপ সচিব

প্রাপক : প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
সিঁজিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা।

বিষয় : স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের (কোড নং-২৭০১) আওতাধীন “শেখ সায়েরা খাতুন মেডিকেল কলেজ ও হাসপাতাল এবং নার্সিং ইনস্টিটিউট স্থাপন গোপালগঞ্জ” কর্মসূচি বাস্তবায়নের নিমিত্ত চলতি ২০১৪-১৫ অর্থবছরের এডিপিতে বরাদ্দ অনুযায়ী জিওবি খাত হতে ২য় কিস্তি বাবদ ১৫৭৬.২৫ লক্ষ (পনেরো কোটি ছিয়াত্তর লক্ষ পঁচিশ হাজার) টাকা অবমুক্তি সংক্রান্ত।

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ২৮.০৮.২০১৪ তারিখের ৪৫.১৭৪.০০২.২৩.০০.০২৩.২০১২-৬২০ সংখ্যক আদেশের অনুমোদিত বিভাজন অনুযায়ী আদিষ্ট হয়ে আমি “শেখ সায়েরা খাতুন মেডিকেল কলেজ ও হাসপাতাল এবং নার্সিং ইনস্টিটিউট স্থাপন গোপালগঞ্জ” (কোড নং- ৫-২৭১১-৫২৫০) এর অনুকূলে চলতি ২০১৪-১৫ অর্থবছরের এডিপিতে জিওবি বরাদ্দ হতে নিম্নবর্ণিত শর্তে ২য় কিস্তি বাবদ ১৫৭৬.২৫ লক্ষ (পনেরো কোটি ছিয়াত্তর লক্ষ পঁচিশ হাজার) টাকা ছাড়করণে সরকারী মঞ্জুরী জ্ঞাপন করছি। মূলধন ও রাজস্বখাতের নির্দিষ্ট ব্যয় খাত অনুসারে এই আদেশ জারি করা হলো :


(অংক সমূহ লক্ষ টাকায়)

বাস্তবায়নকারী নাম	প্রকল্পের নাম ও কোড নম্বর	অনুমোদনের পর্যায়	কিস্তির নাম	রাজস্ব খাতের অর্থ	মূলধন খাতের অর্থ	মোট অবমুক্ত অর্থ
১	২	৩	৪	৫	৬	৭
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (কোড নং-২৭০১)	“শেখ সায়েরা খাতুন মেডিকেল কলেজ ও হাসপাতাল এবং নার্সিং ইনস্টিটিউট স্থাপন গোপালগঞ্জ” (কোড নং- ৫-২৭১১-৫২৫০)	অনুমোদিত	২য় কিস্তি বাবদ জিওবি অর্থ	১৩.৭৫	১৫৬২.৫০	১৫৭৬.২৫

শর্তাবলী :

- এই অর্থ ব্যয়ে সরকারী সকল আর্থিক বিধি-বিধান ও নিয়মাচার যথাযথভাবে প্রতিপালন করতে হবে;
- এই ব্যয় চলতি ২০১৪-১৫ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এর “শেখ সায়েরা খাতুন মেডিকেল কলেজ ও হাসপাতাল এবং নার্সিং ইনস্টিটিউট স্থাপন গোপালগঞ্জ” (কোড নং- ৫-২৭১১-৫২৫০) হতে বহন করা হবে;
- পরবর্তী কিস্তির অর্থ ছাড়ের প্রস্তাবের সঙ্গে ১ম-২য় কিস্তিতে ছাড়কৃত অর্থের বিস্তারিত ব্যয় বিবরণী দাখিল করতে হবে;
- উপরিউক্ত অর্থ শুধু টাকা বরাদ্দের অংক নির্দেশ করে (শুল্ক ও মূল্য সংযোজন কর এবং পুনর্ভরণযোগ্য প্রকল্প সাহায্যের জন্য বরাদ্দ এই অংক বহির্ভূত);
- এই বরাদ্দের অধীনে ব্যয় অনুমোদিত প্রকল্প ছকে বর্ণিত দফাওয়ারী বরাদ্দ অনুযায়ী করতে হবে এবং মোট ব্যয় অনুমোদিত প্রকল্প ব্যয়ের অতিরিক্ত হবে না; এবং
- ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট বিল পরিশোধকারী কর্তৃপক্ষ দায়ী থাকবে।

২। এই আদেশ অর্থ বিভাগের ১৩.১১.২০১২ তারিখের ০৭.১১১.০৩১.০১.০০.০৬১.২০১২-৫৪০ সংখ্যক স্মারকের মাধ্যমে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়কে যে ক্ষমতা অর্পন করা হয়েছে সেই অনুযায়ী জারি করা হলো।



(ড. মো: এনামুল হক)
উপ সচিব
ফোনঃ ৯৫৪৯৫৪০

নং-৪৫.১৭৪.০০২.২৩.০০.০২৩.২০১২-৭৩৮/১(৯)

তারিখ : ২৫.১১.২০১৪ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১. প্রকল্প পরিচালক, "শেখ সায়েরা খাতুন মেডিকেল কলেজ ও হাসপাতাল এবং নার্সিং ইনস্টিটিউট স্থাপন গোপালগঞ্জ" শীর্ষক প্রকল্প, শেখ সায়েরা খাতুন মেডিকেল কলেজ, গোপালগঞ্জ।
২. প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ১০৫-১০৬ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
৩. যুগ্ম-প্রধান, স্বাস্থ্য উইং, আর্থ-সামাজিক অবকাঠামো ও কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলানগর, ঢাকা।
৪. উপ-সচিব (এফএমএ), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. সিনিয়র সহকারী সচিব (বাজেট-৪) অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৭. যুগ্ম-সচিব (আঃব্যঃঅঃ) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৮. যুগ্ম-প্রধান (পরিকল্পনা) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৯. জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, গোপালগঞ্জ।



(ড. মো: এনামুল হক)
উপ সচিব